চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করা হয়েছে। ধর্ম যার যার রাষ্ট্র সবার প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সদর থানাধীন মডেল মসজিদ হল রুমে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব মিলনায়তনে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের সংবিধানে অসাম্প্রদায়িক দেশের কথা বলা হয়েছে। আমরা অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে কাজ করে যাচ্ছি। আমরা যে যে ধর্মের মানুষই হইনা কেন আমাদের কতিপয় দায়িত্ব কর্তব্য রয়েছে। আমরা সমাজবদ্ধভাবে সামাজিক জীব হিসেবে এক সাথে কাজ করতে চাই দেশের উন্নয়নে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের সভাপতি মার্টিন হিরোক, চুয়াডাঙ্গা নিউ মার্কেট জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল হাবিব সহ শতাধিক সকল ধর্মাবলম্বী নেতৃস্থানীয় সদস্যবৃন্দ, প্রিন্ট এবং ইলেকট্রনিকস মিডিয়ার সদস্যবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ।